দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN. 24 2000 ...
পৃষ্ঠা ১৩ কলাম ৭ .....

# চট্টগ্রাম ভার্সিটির অচলাবস্থায় ক্ষোভ প্রকাশ

চট্টগ্রাম অফিস ॥ বেসামরিক বিমান পর্যটন ও গণপূর্ত মন্ত্রী ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন গত শনিবার ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার এক প্রতিনিধি সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভিসি এবং প্রো-ভিসি'র মধ্যে দ্বন্দ্ব এবং বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা ও সাম্প্রতিক ঘটনাবলীর ব্যাপারে ক্ষোভ প্রকাশ করিয়াছেন। বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক মোহাম্মদ কলিমের নেতৃত্বে ছাত্রলীগের একটি প্রতিনিধিদলকে সন্ধ্যায় সার্কিট হাউজে সাক্ষাৎদানকালে এই ক্ষোভ প্রকাশ করেন বলিয়া ছাত্রলীগ সূত্র জানায়। ছাত্র শিবিরের অবরোধের কারণে গত ১৫ই জানুয়ারী হইতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল কার্যক্রম বন্ধ রহিয়াছে। শিবির গত ১৯শে ডিসেম্বর ছাত্রলীগের সহিত বন্দুকযুদ্ধে নিহত রহিম মুন্সি ও মাহমুদুল হাসানের হত্যাকারীদের গ্রেফতারের দাবীতে অনির্দিষ্ট-কালের অবরোধ কর্মসূচী আহ্বান করিয়াছে।

ছাত্রলীগ প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম চালু এবং বিশ্ববিদ্যালয় শাটল ট্রেন ও বাস চালুর ব্যাপারে মন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে।

51